

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৫ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.১০০.৩১.০০০৩.২২.২৪৩

**বিষয়: সকল ভোক্তার নিজস্ব NID নাম্বারে নিবন্ধিত মোবাইল নম্বর দ্বারা খাদ্যবান্ধব ডাটাবেজ হালনাগাদকরণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের জুলাই-২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এর কার্যক্রম ১০ এর ৯.৪ নং - "মোবাইল অ্যাপস ব্যবহার" সংক্রান্ত সিদ্ধান্ত ছিলো নিম্নরূপ:


"খাদ্যবান্ধব কর্মসূচিতে মোবাইল অ্যাপস ব্যবহারকারী উপকারভোগীদের মোবাইল নম্বর হালনাগাদ করতে হবে এবং OTP'র মাধ্যমে উপকারভোগীদের চাল বিতরণের পাইলটিং কার্যক্রম আরো ৮টি উপজেলায় সম্পন্ন করতে হবে।"

এক্ষণে, খাদ্য মন্ত্রণালয়ের উক্ত সিদ্ধান্তের আলোকে সকল ভোক্তার নিজস্ব NID নাম্বারে নিবন্ধিত মোবাইল নম্বর দিয়ে খাদ্যবান্ধব ডাটাবেজ হালনাগাদ করা প্রয়োজন।

এমতাবস্থায়, খাদ্যবান্ধব ডাটাবেজ সিস্টেমে সারাদেশের সকল ভোক্তার নিজস্ব NID নাম্বারে নিবন্ধিত মোবাইল নম্বর দিয়ে খাদ্যবান্ধব ডাটাবেজ ভোক্তার তথ্য হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সভার কার্যবিবরণী

  
১৫-০৮-২০২৫  
মঞ্জুর আলম  
সিস্টেম এনালিস্ট  
+৮৮-০২-৪১০৫২৯৯৭  
sys@dgfood.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল) [সংশ্লিষ্ট সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকে অবহিতকরণের জন্য]।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.১০০.৩১.০০০৩.২২.২৪৩/১ (৭)

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৫ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।।
- ৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর (খাদ্যবান্ধব ডাটাবেজে মোবাইল নম্বরের তথ্য হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এডমিনিস্ট্রেটর, আইআইসিটি, বুয়েট।
- ৬। হেড অব প্রজেক্ট ডেলিভারি, বেক্সিমকো কম্পিউটারস লি.(খাদ্যবান্ধব ডাটাবেজে মোবাইল নম্বরের তথ্য হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। কনসালটেন্ট, পিডব্লিউসি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the typed name.

১৫-০৮-২০২৫  
মঞ্জুর আলম  
সিস্টেম এনালিস্ট